# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪২

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৯. মদ ক্রয়-বিক্রয়ের নিষেধাজ্ঞা

## بَاب النَّهْيِ عَنْ بَيْعِ الْخَمْرِ وَشِرَائِهَا

আরবী

حَدَّثَنَا يَعْلَى عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَعْلَةَ قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ عَنْ بَيْعِ الْخَمْرِ فَقَالَ كَانَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَدِيقٌ مِنْ ثَقِيفٍ أَوْ مِنْ دَوْسٍ فَلَقِيَهُ بِمَكَّةَ عَامَ الْفَتْحِ بِرَاوِيَةٍ مِنْ خَمْرٍ يُهْدِيهَا لَهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا فُلَانُ أَمَا عَلِمْتَ أَنَّ اللَّهَ تَعَالَى قَدْ حَرَّمَهَا قَالَ فَأَقْبَلَ الرَّجُلُ عَلَى غُلَامِهِ فَقَالَ اذْهَبْ فَبِعْهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَاذَا أَمَرْتَهُ يَا فُلَانُ قَالَ أَمَرْتُهُ بِبَيْعِهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ الَّذِي حَرَّمَ شُرْبَهَا حَرَّمَ بَيْعَهَا فَأَمَرَ بِهَا فَأُكْفِئَتْ فِي الْبَطْحَاءِ

বাংলা

২১৪২. আব্দুর রহমান ইবনু ওয়া’লাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আব্দুল্লাহ ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু-এর নিকট মদ বিক্রয় সম্পর্কে জিজ্ঞাসা করি। তখন ইবন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, সাকীফ কিংবা দাওস গোত্রে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর এক বন্ধু ছিল। মক্কা বিজয়ের বছরে তিনি তাঁর সাথে সাক্ষাৎ করে তাঁর নিকট এক মশক মদ হাদিয়া স্বরুপ নিয়ে আসে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ “হে অমুক! তুমি কি জাননা যে, আল্লাহ তা’আলা উহা হারাম করে দিয়েছেন?” অতঃপর লোকটি তার গোলামের কাছে গিয়ে তাকে বলল, যাও, এটি বিক্রয় কর। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে ব্যক্তিকে জিজ্ঞাসা করলেন, হে অমুক! তুমি তাকে কী আদেশ দিলে?” সে বলল, আমি তাকে ইহা বিক্রি করার নির্দেশ দিয়েছি। এরপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “যিনি ইহা পান করা হারাম করেছেন, তিনি ইহার বিক্রিও হারাম করে দিয়েছেন।” রাবী বলেন, এরপর সে একে মাটিতে ঢেলে দেওয়ার নির্দেশ দিলো।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর বর্ণনাকারীগণ সকলেই বিশ্বস্ত। তবে ইবনু ইসহাক এটি ‘আন আন’ পদ্ধতিতে বর্ণনা করেছেন। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: মুসলিম, মুসাক্বাহ ১৫৭৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৪৬৮, ২৫৯০; সহীহ ইবনু হিব্বান নং ৪৯৪২, ৪৯৪৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82425

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন